

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬৪৬

আগরতলা, ২০ জানুয়ারি, ২০২৪

কথক নৃত্যের উপর তিনদিন ব্যাপী কর্মশালা



নৃত্যঙ্গন ওয়েলফেয়ার সোসাইটির উদ্যোগে গতকাল থেকে শুরু হয়েছে কথক নৃত্যের উপর তিনদিন ব্যাপী কর্মশালা। ইন্দ্রনগরস্থিত নৃত্যঙ্গন ওয়েলফেয়ার সোসাইটির সভাগৃহে এই কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা ও এসডি পরমানন্দ সরকার ব্যানার্জী, তথ্য ও সংস্কৃতি দপ্তরের উপঅধিকর্তা দেবাশিষ নাথ এবং নৃত্যঙ্গন ওয়েলফেয়ার সোসাইটির সম্পাদক অর্নিবান ভট্টাচার্য উপস্থিত ছিলেন। কলকাতার বিশিষ্ট কথক নৃত্যশিল্পী সৌভিক চক্রবর্তী তিনদিন ব্যাপী এই কর্মশালায় ছেলেমেয়েদের কথক নৃত্যের উপর প্রশিক্ষণ দিচ্ছেন। কর্মশালাতে প্রায় ১০০ জন ছেলেমেয়ে অংশ গ্রহণ করে। উল্লেখ্য, তথ্য ও সংস্কৃতি দপ্তরের আর্থিক সহযোগিতায় কর্মশালাটি আয়োজন করা হয়েছে।

\*\*\*\*\*